গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২০.০৩১.১২.৫৭৭ তারিখঃ ১১/০৪/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ আইন ও বিচার বিভাগ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর আওতাধীন বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল/দপ্তরের সরকারি গাড়ী (কার/মাইক্রোবাস) অননুমোদিত ব্যবহার পরিহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জুডিসিয়াল সার্ভিসের কোন কোন সদস্য সরকারের অনুমতি ব্যতীত বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল/দপ্তর এর সরকারি গাড়ী (কার/মাইক্রোবাস) সরকারি যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রন) বিধিমালা, ১৯৮৬ এর বিধি ৫ এর ব্যত্যয় ঘটিয়ে কর্মস্থলের ২৫ মাইলের বাইরে ব্যবহার করছেন। এমনকি তাঁরা রাজধানী ঢাকায় বিভিন্ন সভা/সেমিনারে অংশগ্রহণের জন্য সরকারের অনুমোদন ছাড়া তাঁদের নিজ নিজ জেলার বাইরে গাড়ী ব্যবহার করছেন। সরকারি গাড়ীর এরূপ অননুমোদিত ব্যবহার উপর্যুক্ত বিধিমালা পরিপন্থি হওয়ায় সরকারি যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রন) অধ্যাদেশ, ১৯৮৬ এর ধারা ৩(৩) মোতাবেক অসদাচরণ। ভবিষ্যতে এ ধরনের সুনির্দিষ্ট কোন অভিযোগ পাওয়া গেলে তা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পর্যায়ে পড়ে বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল/দপ্তর এর সরকারি গাড়ী (কার/মাইক্রোবাস) এর অননুমোদিত ব্যবহার পরিহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

(কাজী মুশফিক মাহবুব রবিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৫২২২(অফিস)।

কার্যার্থে বিতরণ ঃ

১। জেলা জজ ........................
২। মহানগর দায়রা জজ ................................
৩। বিভাগীয় বিশেষ জজ ................................
৪। বিশেষ জজ ..........................................
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ................................
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল ................................
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল ................................
৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত ................................
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল ................................
১০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ................................
১১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। গার্ড ফাইল।

জ্ঞাতার্থে বিতরণঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।